



## বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

প্রকল্প পরিচালকের কার্যালয়

উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্প

ঢাকা ট্রেড সেন্টার (৯ম তলা)

৯৯, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২১৫

ওয়েবঃ www.heqep-ugc.gov.bd

ফ্যাক্স: ০২-৮১৮৯০২১

স্মারক নং-ইউজিসি/হ্যাকেপ/বিডিৱেন-স্টাফ রিক্রুটমেন্ট/২০১০/৩৬-

তারিখঃ- ০২/১২/২০১০

### টেকনিশিয়ান (জেনারেটর) পদে নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক বাস্তবায়নাবলী শিক্ষা মন্ত্রণালয়ের উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্প (Higher Education Quality Enhancement Project-HEQEP) এর Bangladesh Research and Education Network (BdREN) Unit এ 'টেকনিশিয়ান (জেনারেটর)' পদে প্রকল্প মেয়াদে (২০১৩ সালের ডিসেম্বর মাস পর্যন্ত) লোক নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ-

#### শিক্ষাগত যোগ্যতাঃ

- কোন মাধ্যমিক বিদ্যালয় বা সমপর্যায়ের প্রতিষ্ঠান হতে এস. এস. সি/ সমমানের পরীক্ষায় পাশের সনদ থাকতে হবে।
- ইলেকট্রিক ট্রেডে সার্টিফিকেট কোর্স সমাপ্তির সনদ থাকতে হবে।
- আবেদন দাখিলের তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩০ বছর হতে হবে।

#### অভিজ্ঞতাঃ

- কোন সরকারী/আধা-সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানে ইলেকট্রিশিয়ান হিসেবে কমপক্ষে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।
- হেভি ডিউটি জেনারেটর পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজে অভিজ্ঞ হতে হবে।
- ইলেকট্রিক সংযোগ, জেনারেটর স্থাপন ইত্যাদি কাজে দক্ষতা থাকতে হবে।
- বড় প্রতিষ্ঠানে স্বতন্ত্রভাবে কাজ করার দক্ষতা ও অফিস সময়ের বাইরে দায়িত্ব পালনের মানসিকতা থাকতে হবে।
- বড় জেনারেটর পরিচালনার পাশাপাশি ইলেকট্রিশিয়ানের দায়িত্বাবলী সম্পাদন করতে হবে।

সর্বসাকুল্য মাসিক বেতনঃ ১১,৬০০/- টাকা

#### শর্তাবলীঃ

- নিম্নবর্ণিত বিবরণ ও সত্যায়িত সনদপত্রসহ আবেদন ডাকযোগে প্রকল্প পরিচালক, উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্প, ঢাকা ট্রেড সেন্টার (৯ম তলা), ৯৯ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর আগামী ১৯/১২/২০১০ ইং তারিখের মধ্যে পৌঁছাতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, নিজ জেলা ইত্যাদি উল্লেখ পূর্বক সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ছবি, সার্টিফিকেট সমূহের সত্যায়িত কপি, ১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র ও কন্যাদের কোটার প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি ও অন্যান্য বিশেষ কোটার ক্ষেত্রে নিজ নিজ জেলা প্রশাসক বা উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সত্যায়িত সংশ্লিষ্ট সার্টিফিকেটের কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।
- চাকুরীরত প্রার্থীদের আবেদন যথযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- কাজের মান সন্তোষজনক না হলে প্রকল্প পরিচালক/উপযুক্ত কর্তৃপক্ষ এক মাসের নোটিশ প্রদান করে প্রকল্পে নিয়োজিত জনবলের নিয়োগ চুক্তি বাতিল করতে পারবেন। তবে চুক্তি বাতিলের পূর্বে সরকারী পাওনা (যদি থাকে) আদায় করা হবে।

প্রকল্প পরিচালক  
উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্প